

স্মারক নং


Date

নিয়োগ বিজ্ঞপ্তি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের স্বাস্থ্য অর্থনীতি ইনস্টিটিউটে স্বাস্থ্য অর্থনীতি বিষয়ে ১(এক)টি শূণ্য স্থায়ী সহকারী অধ্যাপকের বিপরীতে ১(এক) জন অস্থায়ী লোকচারার নিয়োগের জন্য রেজিস্ট্রারের দপ্তর হইতে প্রাপ্তব্য নির্ধারিত ফরমে বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে দরখাস্ত আহ্বান করা যাইতেছে। বেতন স্কেল : ২২,০০০-৫৩,০৬০ টাকা।

যোগ্যতা : প্রার্থীদের অবশ্যই এস.এস.সি এবং এইচ.এস.সি পরীক্ষায় জিপিএ/সিজিপিএ স্কেল ৫.০০ এর মধ্যে ন্যূনতম ৪.২৫ সহ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে স্বাস্থ্য অর্থনীতি বিষয়ে বি.এস.এস. অনার্স ডিগ্রী এবং মাস্টার্স ডিগ্রী পরীক্ষায় প্রথম শ্রেণী অথবা জিপিএ/সিজিপিএ এর ক্ষেত্রে স্কেল ৪.০০ এর মধ্যে ন্যূনতম ৩.৫০ থাকিতে হইবে। অন্যান্য যোগ্যতা সমান থাকিলে স্বাস্থ্য অর্থনীতি/সংশ্লিষ্ট বিষয়ে উচ্চতর ডিগ্রীধারীকে অগ্রাধিকার দেওয়া যাইতে পারে।

স্বাস্থ্য অর্থনীতি ইনস্টিটিউটের পরিচালকের অনুকূলে প্রদেয় = ৭৫০/- (সাতশত পঞ্চাশ টাকা মাত্র) মূল্যের ব্যাংক ড্রাফট/পে-অর্ডারসহ রেজিস্ট্রার দপ্তরে প্রাপ্তব্য নির্ধারিত ফরমে ১০(দশ) কপি দরখাস্ত পরিচালকের নিকট আগামী ২০শে অক্টোবর ২০২১ তারিখের মধ্যে পৌঁছাইতে হইবে। প্রত্যেক কপি দরখাস্তের সহিত পরীক্ষার মূল সনদপত্র, মার্কসীট ও অভিজ্ঞতার প্রমাণপত্রের সত্যায়িত প্রতিলিপি সংযুক্ত করিতে হইবে। চাকুরিরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত প্রেরণ করিতে হইবে।


27/10/2021

(অধ্যাপক ড. নাসরিন সুলতানা)
পরিচালক।